গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন অধিশাখা

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৩.৯৯.০০১.২৩-৩৩ তারিখ: ২৯-০৫-২০২৩ খ্রি:

বিষয়: পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে চট্টগ্রাম জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের আওতাধীন নিম্নোক্ত স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদনসমূহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হ'ল:

(ক) ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, চট্টগ্রাম;

(খ) পাঁচরিয়া মা ও শিশু কল্যাণ কেন্দ্র, পটিয়া, চট্টগ্রাম;

(গ) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ফতেহপুর, হাটহাজারী, চট্টগ্রাম।

সংযুক্তি: বর্ণনামতে।

(আবু নূর মো: শামসুজ্জামান)
যুগ্মসচিব
ফোন-০২২৩৩৫৭৯৮০

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:-
০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০২. বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন অধিশাখা

## পরিদর্শন প্রতিবেদন

০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, চট্টগ্রাম

০২। পরিদর্শনের তারিখ ও সময় : ০৫-০৫-২০২৩ খ্রি.

০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম :

০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা :

| ক্রম | পদের নাম | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | মেডিকেল অফিসার | ০২ | ০২ | নেই | দু'জনই অব্স এন্ড গাইনি-তে প্রশিক্ষণ প্রাপ্ত<br>দু'জন চিকিৎসক কর্মকর্তার মধ্যে একজন এনেস্থেশিয়া'য় প্রশিক্ষণ প্রাপ্ত হওয়া আবশ্যক। |
| ০২. | পরিবার কল্যাণ পরিদর্শিকা | ০৪ | ০৪ | ০০ | |
| ০৩. | সহকারি নার্সিং এ্যাটেনডেন্ট | ০০ | ০৩ | | এমসিআরএইচ অপারেশন প্ল্যান কর্তৃক আউট সোর্সিং করে নিয়োগকৃত |
| ০৪ | ফার্মাসিষ্ট | ০১ | ০১ | ০০ | - |
| ০৫ | ল্যাব টেকনিশিয়ান | ০১ | ০০ | ০১ | - |
| ০৫. | অফিস সহকারী তথা কম্পিউটার | ০১ | ০১ | ০০ | - |
| ০৬. | এম্বুল্যান্স চালক | ০০ | ০১ | | বান্দরবান জেলা হতে ০১জন গাড়ি চালক'কে সংযুক্ত করে এম্বুল্যান্স চালানো হচ্ছে। |
| ০৭. | পিয়ন কাম-চৌকিদার** | ০০ | ০১ | | আগ্রাবাদ মা ও শিশু কল্যাণ কেন্দ্রে হতে সংযুক্ত |
| ০৮. | পরিচ্ছন্নতা কর্মী | ০০ | ০১ | | এমসিআরএইচ অপারেশন প্ল্যান কর্তৃক আউট সোর্সিং করে নিয়োগকৃত |
| ০৯. | আয়া** | ০০ | ০১ | | আগ্রাবাদ মা ও শিশু কল্যাণ কেন্দ্রে হতে সংযুক্ত |
| ১০. | ফিমেল নার্সিং এ্যাটেনডেন্ট** | - | ০১ | | আগ্রাবাদ |
| ১১. | মিডওয়াইফ** | - | ০২ | | ০২ সাতকানিয়া ০১ আগ্রবাদ |
| ১২. | দাই নার্স | - | ০২ | | আগ্রাবাদ মা ও শিশু কল্যাণ কেন্দ্রে হতে সংযুক্ত |
| ১৩. | অফিস সহায়ক | ০১ | ০১ | ০০ | |

** সেবা কেন্দ্রটি ২০১৬ সালে চালু করার সময় জনবল কাঠামো অনুমোদিত না হওয়ায় আগ্রাবাদ মা ও শিশু কল্যাণ কেন্দ্রের জনবল অধিদপ্তরের নির্দেশে বিভাগীয় পরিচালক বাকলিয়া মা ও শিশু কল্যাণ কেন্দ্রে স্থানান্তর করেন। ইতোমধ্যে আগ্রবাদ মা ও শিশু কল্যাণ কেন্দ্রের জনবল বাকলিয়া মা ও শিশু কল্যান কেন্দ্র হতে আগ্রাবাদ মা ও শিশু কল্যান কেন্দ্রে ফেরৎ প্রদানের জেলা পরিবার পরিকল্পনা অফিস হতে দু'দফায় পত্র প্রদান করা হয়েছে।

১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের অনুমোদিত ১০টি পদের মধ্যে ০৯টি পদে কর্মকর্তা/কর্মচারী কর্মরত আছেন।

০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : ছুটির দিনে সকল কর্মচারী উপস্থিত ছিলেন না। মেডিকেল অফিসারসহ জরুরী সেবার জন্য সিফটিং ডিউটি প্রাপ্ত পরিবার কল্যাণ পরিদর্শিকা ও সহকারী নার্সিং এটেন্ডেন্ট উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ০৬। | পরিদর্শনকালে কোন Stakholder যদি মতামত/পরামর্শ প্রদান করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ | : পরিদর্শনের সময় ওয়ার্ডে সদ্য সন্তান প্রসবকারী দুইজন মা ভর্তি ছিলেন। তারা সেবা পেয়ে সন্তোষ প্রকাশ করেন। |
| ০৭। | আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরন (প্রযোজ্য ক্ষেত্রে) | : নেই। |
| ০৮। | প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা | : প্রতিষ্ঠানটি পূর্ব বাকলিয়া রাস্তার পার্শ্বে অবস্থিত। প্রতিষ্ঠানটিতে সেবা প্রদানের সার্বিক পরিবেশ বিদ্যমান রয়েছে এবং পরিচ্ছন্নতাও মান সম্মত। |
| ০৯। | প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা | : **১০ শয্যাবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি ২০ শতাংশ জমির উপর তিনতলা বিশিষ্ট ভবন। ডাক্তার ও পরিবার কল্যাণ পরিদর্শিকার জন্য পৃথক ০১টি তিনতলা বিশিষ্ট ০১টি ডরমিটরী রয়েছে যাতে ০৬টি কোয়াটার রয়েছে।** চিকিৎসকগণ থাকেন না। FWVগণ কোয়াটারে থাকেন। |
| ১০। | প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা | : প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রসমূহ স্বাস্থ্য সেবা প্রদানে উপযোগী। |
| ১১। | কোন সমস্যা/চাহিদা | :<br>(ক) এনেস্থেশিয়া'তে প্রশিক্ষণ প্রাপ্ত নিয়মিত মেডিকেল অফিসার পদায়ন করা প্রয়োজন;<br>(খ) ল্যাব টেকনিশিয়ান পদায়ন প্রয়োজন;<br>(গ) আয়া (২জন) ও ওয়ার্ড বয় (০২জন) নিয়োগ করা প্রয়োজন;<br>(ঘ) নিরাপত্তার জন্য আনসার-ভিডিপি বা আউটসোর্সিং স্টাফ নিয়োগ করা প্রয়োজন;<br>(ঙ) এম্বুল্যান্স চালকের পদ সৃজন করে নিয়োগ/আউট সোর্সিং করে নিয়োগ করা প্রয়োজন। |
| ১২। | সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ (নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক পরামর্শ/ সুপারিশ) | :<br>(১) জরুরি ভিত্তিতে এ্যানেসথেসিয়া প্রশিক্ষণ প্রাপ্ত ডা: সৌমেন মিত্র, পটিয়া-কে ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, চট্টগ্রাম পদায়নের সুপারিশ করা হ'ল;<br>(২) চাহিদা ব্যতিত অতিরিক্ত অটোক্লেভ মেশিনসহ অপ্রয়োজনীয় মালামাল স্টোর থেকে অপসারন/ ~~ধ্বংস করার~~ ফেরত প্রদানের জন্য বলা হ'ল। |

০৫/৫/২৩

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর

নাম ও পদবী